শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## কালীগঞ্জ উপজেলা পরিষদের আগস্ট /২০২১ মাসের সভার কার্যবিবরণী :

| | |
|---|---|
| সভাপতি | : মাহবুবুজ্জামান আহমেদ<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>কালীগঞ্জ, লালমনিরহাট। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| সভার তারিখ | : ১২/০৮/২০২১। |
| সময় | : বেলা- ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক' |
| অনুপস্থিতি | : পরিশিষ্ট 'খ' |

কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যদের শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বক্তব্য প্রদান করেন। স্বাগত বক্তব্যে তিনি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ প্রদান করেন এবং উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগীয় প্রধানের সহযোগিতা চেয়ে দিক নিদের্শনা প্রদান করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে সভার কাজ পরিচালনার জন্য অনুরোধ জানান। জনাব মোঃ আব্দুল মান্নান, উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভা পরিচালনা করেন।

০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

সভায় ০৮/০৭/২০২১ তারিখে অনুষ্ঠিত জুলাই ২০২১ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

০২। কমিটি সমূহের সুপারিশ সম্পর্কিত আলোচনা :

উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদের তার নেতৃত্বাধীন সভাগুলোর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কমিটির সকল সদস্য সচিবগণকে অনুরোধ জানান। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান তার নেতৃত্বাধীন সভাগুলোর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কমিটির সকল সদস্য সচিবগণকে অনুরোধ জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন।

বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত : বিভাগওয়ারী বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

(i) স্বাস্থ্য বিভাগ :

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার দাপ্তরিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তার রোধে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সভায় অনুরোধ জানান। বর্তমানে এ উপজেলায় (কোভিড-১৯) এর ভ্যাকসিন প্রাপ্ত ডোজ ৭০৪০ মোট রেজিস্ট্রেশন ৪২৭২ জন ২৭/০২/২০২১ তারিখ পর্যন্ত ইতোমধ্যে ১ম ডোজ ৩৫২২ জন সম্পন্ন হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। সেইসাথে বর্তমানে ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, কর্মরত ১৬জন এবং শূন্য পদ রয়েছে ১৩টি। হাসপাতালে নার্সের মঞ্জুরীকৃত পদ ২৬টি কর্মরত ২৪ জন এবং শূন্য পদ রয়েছে ০২টি। বহি: বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ২৬৯১ জন জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১০২৪ জন এবং আন্ত: বিভাগে ভর্তি ৪৬৩ জন। ইসিজি সেবা প্রদান ৭১ জন এবং আলট্রাসনোগ্রাম ১২৪ জন এবং স্বাভাবিক প্রসব ৩১ জন। এছাড়া ৩৫টি কমিউনিটি ক্লিনিকে মোট চিকৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৪৬২২ জন। তিনি উক্ত এম আর ক্যাম্পেইনে সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত : (ক) করোনা ভাইরাস বিস্তার রোধে সকলকে স্বাস্থবিধি অনুসরণপূর্বক মাস্ক পরিধান করে সেবা প্রদানের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। (খ) বিভাগীয় কর্যক্রম গতিশীল করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।

(ii) কৃষি বিভাগ :

উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তিনি জানান যে, কালীগঞ্জ উপজেলায় চলতি মৌসুমে ইতোমধ্যে ১৭৩১৫ হেক্টর জমিতে রোপা আমন আবাদ অর্জিত হয়েছে। মাঠে রোগ বালাই এর আক্রমন প্রতিরোধে মনিটরিং ও পরামর্শ প্রদান চলমান আছে। সন্তোষজনক ফলন পাওয়ার আশা করা যাচ্ছে। রোপা আমন শেষে রবি শস্য বিশেষ করে সরিষা উৎপাদনের লক্ষ্যে কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিভাবে রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে রবি শস্য গম,ভূট্টা এর বিভিন্ন বালাই দমনের পরামর্শ অব্যাহত রাখার অনুরোধ জানানো হয় । সেইসাথে যন্ত্র সংরক্ষণ কেন্দ্রের জন্য উপজেলা পরিষদ ১২০০ বর্গ মিটারের একটি স্থান বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোতিক্রমে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iii) প্রাণিসম্পদ বিভাগ :

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। তিনি জানান যে, বর্তমানে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট- কে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।

(iv) উপজেলা প্রকৌশলী :

(ক) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ২৯ মার্চ ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭-২০১২(অংশ-১)-২৭২ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য প্রাপ্ত লে-আউট প্লান অনুযায়ী ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে; যা উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য প্রাপ্ত লে-আউট প্লান অনুযায়ী ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপস্থাপনকৃত প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(v) মৎস্য বিভাগ :

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, প্রতি বছরের ন্যায় এবারও সারাদেশে ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মোট ২২দিন প্রজননক্ষম ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণরুপে নিষিদ্ধ করা হয়েছে। উক্ত নিষিদ্ধকালীন সময়ে বিভিন্ন আড়ৎ, বাজার ও হাটে সচেতনতামূলক প্রচার-প্রচারণা করা হচ্ছে। উক্ত সময়ে তিনি সকলের সহযোগিতা একান্ত কামনা করেন। বর্তমানে তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে সভায় জানান।

সিদ্ধান্ত : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ লালমনিরহাট-কে ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মোট ২২দিন প্রজননক্ষম ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণরুপে নিষিদ্ধ কার্যক্রম বলবৎ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।

(vi) পরিবার পরিকল্পনা বিভাগ :

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছেন পুরুষ ০, মহিলা ০ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহণ করেছেন আই ইউ ডি ৭১ জন, ইমপ্লান্ট ৫১ জন। অস্থায়ী পদ্ধতি (ক) খাবার বড়ি বিতরণ (সুখী) ৯৫৫৯ চক্র, (খ) খাবার বড়ি বিতরণ (আপন) ১২৯ চক্র, কনডম ৬৩২১ পিস, ইনজেকটেবলস ১৪৭০ টি (ভায়াল) বিতরণ করা হয়েছে। তিনি জানান মোট সক্ষম দম্পতি ৫৩৭৯৯ জন এবং মোট পদ্ধতি গ্রহণকারী ৪২৮০১ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.৫৬%। মা ও শিশু কার্যক্রম সম্পর্কে তিনি আরও জানান যে, নিবন্ধনকৃত গর্ভবতী মায়ের সংখ্যা পুরাতন ১২০৮ জন, নতুন গর্ভবতী ১৯৩ জন মোট গর্ভবতী ১৪০১ জন, গর্ভবর্তীর পরিচর্যা ১২৯৪ জন, নরমাল ডেলিভারী ১৩৫ জন, সিজারিয়ান ৫৫ জন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী ১৯ জন। ০-৫ বছরের শিশুর সেবা প্রদান করা হয়েছে ৮৭৫ জন কিশোর-কিশোরী বয়ঃসন্ধিকাল সেবা দেয়া হয়েছে ৪৪১১ জনকে এবং সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ২৯৪১ জনকে। অত্র উপজেলায় ৫৮টি স্যাটেলাইট কমিউনিটি ক্লিনিকের মধ্যে সম্পাদিত হয়েছে ৪৮ টি। তিনি আরও জানান যে, মাঠ পর্যায়ে বাড়ী বাড়ী দম্পত্তি রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : (ক) পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
(খ) বিভাগীয় কর্যক্রম গতিশীল করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।

(vii) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না। পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত : (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।

(viii) শিক্ষা বিভাগ :

উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালীগঞ্জ সভায় জানান যে সকল বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণীর শিক্ষার্থীদের মুজিববর্ষে গাছ রোপন-পরিবেশ সংরক্ষণ শীর্ষক প্রজেক্ট ভিত্তিক শিখন কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রত্যেক শিক্ষার্থী ১টি করে গাছ রোপন করবে। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগনের সদয় দৃষ্টি আকর্ষন করে সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত : (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে মুজিববর্ষে গাছ রোপন-পরিবেশ সংরক্ষন শীর্ষক প্রজেক্ট ভিত্তিক শিখন কার্যক্রম বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) বিভাগীয় কর্যক্রম গতিশীল করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।

(ix) প্রাথমিক শিক্ষা দপ্তর :

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

সিদ্ধান্ত :(ক) উপজেলা শিক্ষা অফিসার,কালীগঞ্জ,লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।

x) সমাজসেবা বিভাগ :

উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ সভায় জানান যে ২০২০-২১ অর্থ বছর পর্যন্ত উপজেলা সমাজসেবা কার্যলয় কালীগঞ্জ হতে বয়স্ক ভাতা ১৪৩৯২, বিধবা,স্বামী নিগৃহীতা ভাতা ৯৪১৮, প্রতিবন্ধী ভাতা ৬৯৮৩, প্রতিবন্ধী উপবৃত্তি ভাতা ভোগী ২১১ জনকে (G2p)পদ্ধিতিতে বিকাশের মাধ্যমে অর্থ প্রেরণ করা হয়েছে। দলিত বেদে হরিজন বিশেষ বয়স্ক ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম ২০২১-২০২২ অর্থ বছর হতে (G2p) পদ্ধতিতে প্রদান করার জন্য নির্দেশনা রয়েছে। দলিতবেদে হরিজন বিশেষ শিক্ষা উপবৃত্তি ৬২ জন। এছাড়া রোগী কল্যাণ সমিতি কার্যক্রম, প্রতিবন্ধী জরিপ, প্রান্তিক জনগোষ্ঠী জরিপ, ঋণ কার্যক্রম ও উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম গতিশীল করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।

(xi) জনস্বাস্থ্য প্রকৌশলী :

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xii) সমবায় বিভাগ :

উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xiii) মহিলা বিষয়ক দপ্তর :

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচিঃ ২০২০-২১ অর্থ বছরের দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ০৮টি ইউনিয়নের ১৪০০ জন ভাতাভোগীর ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, অত্র কার্যালয়ের ভবনটি অতি পুরাতন হওয়ায় ভবন, বাউন্ডারি ওয়াল এবং গেট রং করা অতীব জরুরী প্রয়োজন হয়ে পড়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : ২০২০-২১ অর্থ বছরের দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ০৮টি ইউনিয়নের ১৪০০ জন ভাতাভোগীর ভাতা বিতরণ কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।

(xiv) পল্লী উন্নয়ন :

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ সভায় জানান যে, ক্ষুদ্রঋণ কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। উহদ্‌কনিক প্রকল্পের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠান, মন্দির, মসজিদ সংস্কার ও মেরামতের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা হয়েছে। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xv) যুব উন্নয়ন বিভাগ :

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ সভায় জানান যে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ এবং ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ০২ জন বেকার যুব মহিলাকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বিতরণ করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় ০৭ দিন মেয়াদী অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ অক্টোবর ২০২১ মাস থেকে শুরু করা হবে। সর্বমোট ১৪টি ব্যাচে মোট ৪২০জন বেকার যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ দেয়া হবে। এ বিষয়ে তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়ের নিকট থেকে সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জকে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

xvi) ফরেষ্টার উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র :

ফরেষ্টার, উপজেলা বনায়ন নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলার বিভিন্ন স্থানে বন বিভাগ কর্তৃক সৃজিত বাগানসমূহ ১০ (দশ) বছর পূর্তি হওয়ার কারণে বাগানসমূহ কর্তনপূর্বক উপকারভোগীদের মাঝে লভাংশ প্রদান এবং পুনরায় বাগান সৃজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া রেল পথের ক্ষেত্রে রেল বিভাগের অনুমোদন সাপেক্ষে পুনরায় রেলপথে নতুন বাগান সৃজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। নিম্নে বাগানসমূহ উল্লেখ করা হলোঃ

০৪। বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত :

(ক) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের রক্ষণাবেক্ষণ খাত হতে (১) অফিসার্স কোয়ার্টারের ১(খ) ও (ঘ)নং ইউনিট, (২) ৬নং কোয়ার্টারের পানির লাইন ও সেফটি ট্যাংক মেরামত, (৩) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ মেরামত এবং টাইলস্করণ ও (৪) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রংকরণ, পানির লাইন মেরামত ও রান্নাঘরের মেঝে টাইলসকরণ বাবদ ইতোমধ্যে বিল পরিশোধ করা হয়েছে। যা সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের রক্ষণাবেক্ষণ খাত হতে (১) অফিসার্স কোয়ার্টারের ১(খ) ও (ঘ)নং ইউনিট, (২) ৬নং কোয়ার্টারের পানির লাইন ও সেফটি ট্যাংক মেরামত, (৩) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ মেরামত এবং টাইলস্করণ ও (৪) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রংকরণ, পানির লাইন মেরামত ও রান্নাঘরের মেঝে টাইলসকরণ বাবদ পরিশোধকৃত বিল অনুমোদনপূর্বক সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিহাট করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ প্রদান করেন। এছাড়া উপজেলা পরিষদের সকল সদস্যগণের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।

অতঃপর সভায় আর অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহবুবুজ্জামান আহমেদ)
তারিখঃ- ১২-০৮-২০২১
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কালীগঞ্জ, লালমনিরহাট।

উপজেলা পরিষদ কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।

স্মারক নম্বরঃ- ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২০২১-৭৩৫(৩৫) তারিখঃ- ১২/০৮/২০২১।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। জনাব নুরুজ্জামান আহমেদ, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও জাতীয় সংসদ সদস্য, লালমনিরহাট-২।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৯। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
১০। উপজেলা ------------------------------------ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
১১। চেয়ারম্যান ----------------------------------- (সকল) ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট।
১২। জনাব ---------------------------------------- কালীগঞ্জ, লালমনিরহাট।

(মোঃ আব্দুল মান্নান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

পরিশিষ্ট "ক" উপস্থিতি সদস্য স্বাক্ষরের ক্রমানুযায়ী (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৪ | সংরক্ষিত মহিলা আসন-৩, উপজেলা পরিষদ, কালীগঞ্জ |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৫ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ | ১৬ | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ | ১৭ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৫ | চেয়ারম্যান, ভোটমারী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৮ | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৬ | চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৯ | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৭ | চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২০ | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৮ | চেয়ারম্যান, দলগ্রাম, ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৯ | চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১০ | চেয়ারম্যান, চলবলা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১১ | চেয়ারম্যান, কাকিনা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১২ | সংরক্ষিত মহিলা আসন-১, উপজেলা পরিষদ, কালীগঞ্জ | ২৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৩ | সংরক্ষিত মহিলা আসন-২, উপজেলা পরিষদ, কালীগঞ্জ | ২৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |